তারিখ 24 FEB 2016
পৃষ্ঠা 2 6 কলাম 2

যুগান্তর

# সরকারি কলেজ শিক্ষকদের বেতন-গ্রেড নিয়ে উচ্চপর্যায়ের কমিটি

সংসদ রিপোর্টার

সরকারি কলেজের শিক্ষকদের বেতন-গ্রেড নিয়ে উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের নেতৃত্বে গঠিত এ কমিটি কাজ করছে। শিগগিরই সৃষ্ট জটিলতার সমাধান হবে বলে মনে করে মন্ত্রণালয়। মঙ্গলবার জাতীয় সংসদে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক সূত্রে এ কথা জানা গেছে। বৈঠকে শেষে কমিটির সভাপতি মো. আফছারুল আমীন বলেন, উচ্চপর্যায়ে একটি কমিটি গঠন করা হয়েছে। সেই কমিটিই শিক্ষকদের বেতন-গ্রেড নিয়ে সৃষ্ট জটিলতা সমাধানে কাজ করছে। তবে কবে সমাধান হবে সেটা আমাদের জানা নেই। আমি কমিটির কেউ নই, তাই কবে মিটিং হবে, কতদিনে সমাধান হবে তার সময়সীমা আমার জানা নেই।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কার্যক্রমে পাঠদান কর্মসূচির জন্য প্রণীত সিলেবাস অনুযায়ী শিক্ষকরা কীভাবে শ্রেণী পাঠদান কার্যক্রম পরিচালনা করেন সে বিষয়ে একটি প্রতিবেদন কমিটির পরবর্তী বৈঠকে উপস্থাপনের সুপারিশ করা হয়।

জানা গেছে, বিতর্কিত স্থানে চট্টগ্রাম প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় নির্মাণ করার পেছনে কারা দায়ী— এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে সংসদীয় কমিটি। বিতর্কিত স্থানে ক্যাম্পাস নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা এই বিশ্ববিদ্যালয় কীভাবে অনুমোদন পেল? তা জানতে চায় কমিটি।

এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বেতন ও ভর্তি ফি নির্ধারণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ বিল-২০১৬' ও 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ বিল-২০১৬' সম্পর্কে আরও পরীক্ষা করে কমিটির পরবর্তী বৈঠকে রিপোর্ট দেয়ার সুপারিশ করে কমিটি।

কমিটির সভাপতি মো. আফছারুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য গোলাম মোস্তফা, এসএম আবুল কালাম আজাদ এবং মোহা. মামুনুর রশিদ অংশ নেন। সংশ্লিষ্ট কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।